বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড
(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি প্রতিষ্ঠান)
আইএসও ৯০০১:২০১৫
প্রশাসন শাখা
www.bcsl.gov.bd

নম্বর: ১৪.৩৭.০০০০.০০০.২০১.১৮.০০১৭.১৯.৭৫৮

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড (বাকেশি)-এর ঢাকাস্থ সিটি অফিসে দীর্ঘদিন যাবৎ সংরক্ষিত বহু অপ্রয়োজনীয় ও পুরাতন নথিপত্র জমে স্তূপাকারে বিদ্যমান থাকায় সেগুলোর যথাযথ সংরক্ষণে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, উক্ত নথিপত্রসমূহ যথাযথভাবে বাছাইপূর্বক প্রয়োজনীয় নথিপত্র স্থায়ীভাবে সংরক্ষণ এবং অপ্রয়োজনীয় নথিপত্র বিধি মোতাবেক বিনষ্ট (destroy) করার লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে ৩ (তিন) সদস্যবিশিষ্ট একটি বাছাই কমিটি গঠন করা হলো:

| ক্র:নং | কর্মকর্তার নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | জনাব মোঃ মিজানুর রহমান, ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) | আহবায়ক |
| ২। | জনাব মোঃ আজাদ হোসেন, সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) | সদস্য-সচিব |
| ৩। | জনাব মোঃ এফ, এম আদলুল হাসান লিংকন, সহকারী ব্যবস্থাপক (লিয়াজোঁ) | সদস্য |

**কমিটির কার্যপরিধি:**

(ক) ঢাকাস্থ সিটি অফিসে সংরক্ষিত সকল পুরাতন নথিপত্র পর্যবেক্ষণ ও যাচাই-বাছাই করে সংরক্ষণযোগ্য এবং বিনষ্টযোগ্য নথিপত্র পৃথকভাবে শ্রেণিবিন্যাস করা;
(খ) সংরক্ষণযোগ্য নথিপত্রের ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণপূর্বক সেগুলোর নিরাপদ ও স্থায়ী সংরক্ষণের ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদান করা;
(গ) বিনষ্টযোগ্য নথিপত্রের একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের জন্য উপস্থাপন করা;
(ঘ) অনুমোদন প্রাপ্তির পর সরকারি বিধি-বিধান ও প্রচলিত নিয়ম অনুসরণ করে সংশ্লিষ্ট শাখা কর্তৃক নথিপত্র বিনষ্টকরণের প্রক্রিয়া সম্পন্ন করা এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় রেকর্ড সংরক্ষণ করা।

ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৩-০৪-২০২৬
মো: মসলেম উদ্দীন
মহাব্যবস্থাপক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ০১৯১৪৩২৫৯৮০
ফ্যাক্স : ০২৪৭৭৭০৭৩৭৫
ইমেইল : admnbcsl@gmail.com /
facebook.com/bcslkhulna

নম্বর: ১৪.৩৭.০০০০.০০০.২০১.১৮.০০১৭.১৯.৭৫৮/১(৫) তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :
১। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড।
২। সকল বিভাগীয় প্রধান, বাকেশি লি., খুলনা।।
৩। ব্যবস্থাপক(অর্থ ও হিসাব) (অতিরিক্ত দায়িত্ব), অর্থ ও হিসাব শাখা, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড।
৪। সহকারী ব্যবস্থাপক(প্রশাসন), প্রশাসন শাখা, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড এবং
৫। সহকারী ব্যবস্থাপক (লিয়াজোঁ), ঢাকা সিটি অফিস, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড।

১৩-০৪-২০২৬
জনাব মোঃ মাহমুদুল আলম
ব্যবস্থাপক(প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)